



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
মুদ্রা
আইসলামিক ব্যাংক
মুদ্রা
XUKI-1000

D.O. No. ধর্ম/সংস্থা/৩-৩/৯৭/০৫

তারিখ : ০৮/০১/২০০৮ খ্রিঃ

প্রিয় সচিব,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

যাকাত ইসলামের পাঁচটি স্তম্ভের অন্যতম। যাকাত ইসলামী সমাজ ব্যবস্থায় অর্থনৈতিক ভারসাম্য সৃষ্টির অন্যতম উপায়। ধনী ও দরিদ্রের মধ্যে ব্যাপক পার্থক্য একমাত্র যাকাতের মাধ্যমেই কনিয়ে আনা সম্ভব। কিন্তু বাংলাদেশে যাকাত আদায় এবং দরিদ্র জনগোষ্ঠীর কল্যাণে এর ব্যবহার সঠিকভাবে সম্পদন করা সম্ভব হয় না বিধায় প্রত্যাশিত উপকার পাওয়া যায় না। পরিকল্পিত ও সংগঠিতভাবে যাকাত সংগ্রহ এবং ব্যবহার নিশ্চিত করার জন্য সরকার ১৯৮২ সালে যাকাত ফান্ড অধ্যাদেশ জারী করেন। অধ্যাদেশ অনুযায়ী ইসলামী বিধান মোতাবেক যাকাত সংগ্রহ এবং ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে দেশের প্রখ্যাত আলেমদের নিয়ে একটি যাকাত বোর্ড গঠন করা হয়। যাকাত ফান্ডের অর্থ দিয়ে বর্তমানে শিশু হাসপাতালের মাধ্যমে দুস্থ ও অসহায় শিশুদের চিকিৎসা প্রদান, দুস্থ বিধবাদের সেলাই প্রশিক্ষণ প্রদান, দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান, দারিদ্র বিমোচনে রিক্সা/ভ্যান ও সেলাই মেশিন প্রদান, বিধবা পুনর্বাসনে হাঁস-মুরগী ও গাভী-ছাগল প্রদান, গৃহহীনদের গৃহ নির্মাণ, মোটর ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান, ক্ষুদ্র ব্যবসায় পুঁজি প্রদান ও দুর্যোগ কবলিত এলাকাসমূহে শীতবস্ত্র ও ত্রাণ সামগ্রী বিতরণ ইত্যাদি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

২। বিদেশে বসবাসরত বাংলাদেশী ধনী বিত্তশালী যদি তাঁদের যাকাতের অর্থ সরকারী যাকাত তহবিলে প্রদান করেন তাহলে যাকাত ফান্ডকে সমৃদ্ধ করা সম্ভব বলে আমরা বিশ্বাস করি এবং যাকাত বোর্ডের গৃহীত কার্যক্রমসমূহকে আরো শক্তিশালী ও বেগবান করা যাবে। বাংলাদেশে “সরকারী যাকাত ফান্ড”-এ যে সকল ব্যাংকের মাধ্যমে যাকাতের টাকা সংগ্রহ করা হয় তার নাম ও হিসাব নম্বর নিম্নরূপ :

ক্রমিক নং	ব্যাংকের নাম	হিসাব নম্বর
১.	সোনালী ব্যাংক, লোকাল অফিস	চলতি-০০০২৩৩০০৫২৫
২.	জনতা ব্যাংক, লোকাল অফিস	চলতি-০১০২৩৩০০৯৭১৭
৩.	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, লোকাল অফিস	পি.এল.এস.ডি.এ-০২২২৯০২১
৪.	অগ্রনী ব্যাংক, প্রিন্সিপাল অফিস	চলতি-০১০৭১৬৬
৫.	জপালী ব্যাংক, প্রিন্সিপাল অফিস	চলতি-৭৩৮৯-৫
৬.	উত্তরা ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা	সিডি-৬৪১
৭.	দি অরিয়েন্টাল ব্যাংক লিঃ, প্রিন্সিপাল অফিস	চলতি-৩৩০১৬৬৫৭
৮.	আল আরাফা ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, মতিঝিল শাখা	চলতি-২৩৩০৩০৯৮৭
৯.	ন্যাশনাল ব্যাংক, (শুধুমাত্র মতিঝিল শাখায় জমা নেয়া হয়)	সিডি-২১৮
১০.	সোনালী ব্যাংক, বায়তুল মোকাররম, ঢাকা	চলতি-১০৮২৮৮

এমতাবস্থায়, প্রবাসী ধনী বিত্তশালীগণকে “সরকারী যাকাত ফান্ড”-এ উক্ত হিসাব নম্বরসমূহে যাকাতের অর্থ প্রেরণে উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার ব্যক্তিগত উদ্যোগ কামনা করছি।

একান্তভাবে আপনার,
স্বাক্ষরিত/-
(মুহম্মদ আতাউর রহমান)

জনাব মোঃ তৌহিদ হোসেন
সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা।